



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্ধ্যা, টাঙ্গাইল-১৯০২

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি



সূত্র: মাভাবিপ্রবি/রেজিস্ট্রার/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/২২২০

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোদ্ধিখিত শিক্ষকের স্থায়ী পদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র. ইং	বিভাগের নাম	পদের নাম ও সংখ্যা
০১.	মেকানিক্যাল এন্ড অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং বিভাগ	সহযোগী অধ্যাপক ০১ টি, সহকারী অধ্যাপক ০১ টি, প্রভাষক ০১ টি
০২.	ব্যবস্থাপনা বিভাগ	প্রভাষক ০১ টি
০৩.	ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ	প্রভাষক ০৫ টি
০৪.	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	সহকারী অধ্যাপক ০১ টি
০৫.	পদার্থবিজ্ঞান বিভাগ	প্রভাষক ০১ টি
০৬.	গণিত বিভাগ	প্রভাষক ০১ টি
০৭.	অর্থনীতি বিভাগ	সহকারী অধ্যাপক ০১ টি
০৮.	হিসাববিজ্ঞান বিভাগ	সহকারী অধ্যাপক ০১ টি
		মোট পদ সংখ্যা- ১৪টি

বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী):

প্রভাষক- ২২০০০-৫৩০৬০/-

সহকারী অধ্যাপক- ৩৫৫০০-৬৭০১০/-

সহযোগী অধ্যাপক- টাকা ৫০০০০-৭১২০০/-

আবেদনের শর্তাবলী:

- * সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- * আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- * অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
- * সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।
- * উপরোক্ত পদসমূহের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- * আবেদনকারীকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- * “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্ধ্যা, টাঙ্গাইল-১৯০২” এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্ধ্যা, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- * চাকরিতর প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন অগ্রায়ণ অথবা অনাপত্তিপত্র (NOC) থাকতে হবে।
- * আগামী ১৫/১০/২০২৬ এর মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্ধ্যা, টাঙ্গাইল- ১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। মূল আবেদন এবং উহার সাথে সংযুক্ত কাগজপত্রসমূহ ০৯ সেট ফটোকপি করে মূল আবেদনের সেটসহ মোট ১০ সেট পাঠাতে হবে।
- * বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
- * আবেদনে স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর (WhatsApp সহ) স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বরে সাক্ষাতকারের বিষয়টি জানানো হবে।
- * অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- * কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- * এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
- * নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- * গত ২৯/১১/২০২৩ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ব্যবস্থাপনা বিভাগে প্রভাষক পদে, ১৭/০২/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে, ১০/০৩/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগে প্রভাষক পদে ও বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে, ২৫/০৫/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে পদার্থবিজ্ঞান ও গণিত বিভাগে প্রভাষক পদে এবং অর্থনীতি বিভাগে সহকারী অধ্যাপক পদে এবং ১২/০৮/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে হিসাববিজ্ঞান বিভাগে সহকারী অধ্যাপক পদে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(প্রফেসর ড. এ. কে. এম. মহিউদ্দিন)
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)
মাভাবিপ্রবি।

মেকানিক্যাল এন্ড অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং বিভাগে শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ:

প্রভাষক, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড, জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী):

- আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।
- বি.এসসি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

সহকারী অধ্যাপক, বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড, জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী):

- আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।
- বি.এসসি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
- মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য পিএইচডি ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে।

সহযোগী অধ্যাপক, বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (৪র্থ গ্রেড, জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী):

- আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।
- বি.এসসি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
- মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য পিএইচডি ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
- স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য, মোট প্রকাশনার ন্যূনতম ১ (এক)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ইনডেক্সড জার্নালে প্রকাশিত হইতে হইবে।

(প্রফেসর ড. এ. কে. এম. মহিউদ্দিন)

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মহাবিশ্ববি।

ব্যবস্থাপনা, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক
ইঞ্জিনিয়ারিং, পদার্থবিজ্ঞান, গণিত, অর্থনীতি ও হিসাববিজ্ঞান বিভাগে শিক্ষক পদে
নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণী:

সহকারী অধ্যাপক, বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড, জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী):

১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২. প্রার্থীদেরকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
৩. স্নাতকোত্তর/সম্মানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. এমফিল/সম্মানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।

প্রভাষক, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড, জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী):

১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২. প্রার্থীদেরকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।



(প্রফেসর ড. এ. কে. এম. মহিউদ্দিন)

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মাভাবিপ্রবি।